

বিষয় : বাল্যবিবাহ নিরোধ কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতি : মোঃ ইসাহাক আলী
 উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর ।
 সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, ফুলবাড়ী, দিনাজপুর ।
 সভার তারিখ : ১৪/০৭/২০২৫ খ্রি:
 সময় : বেলা ১.৩০ ঘটিকা ।
 উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃষ্টীকরণ করা

২) আলোচ্য সূচী :

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১ সভাপতি সভায় বলেন বাল্যবিবাহ নিরোধ ইউনিয়ন কমিটিগুলোকে সক্রিয় করতে হবে। ইউনিয়ন কমিটি গঠন পূর্বক নিয়মিত মাসিক সভা করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানদের অনুরোধ জানান।	চেয়ারম্যানগণ কমিটি গঠন পূর্বক নিয়মিত সভা করে কার্যবিবরণী উপজেলা কমিটিতে প্রেরণ করবেন।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সকল ইউনিয়ন চেয়ারম্যান, ফুলবাড়ী, দিনাজপুর।
২.২ চেয়ারম্যান, ২নং আলদীপুর ইউনিয়ন, ফুলবাড়ী, দিনাজপুর জানান যে, তার ইউনিয়নে বাল্যবিবাহ হতে দেননা। ইউনিয়ন পর্যায়ে আয়োজিত সকল কার্যক্রম বাস্তবায়নের সময় বাল্যবিবাহকে নিরুৎসাহিত করে বক্তব্য প্রদান করেন।	ইউনিয়ন পর্যায়ে সবধরনের জন সমাবেশে বাল্যবিবাহকে নিরুৎসাহিত করে বক্তব্য প্রদান করতে হবে।	সকল ইউনিয়ন চেয়ারম্যান।
২.৩ চেয়ারম্যান, ৫নং খয়েরবাড়ী ইউনিয়ন জানান যে, তিনি তার এলাকায় বাল্যবিবাহ হতে দেন না। এ বিষয়ে তিনি সবসময় সজাগ থাকেন।		
২.৪ মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বাল্যবিবাহ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম অব্যাহত রেখেছেন। জুন/২৫ মাসে একটি উঠান বৈঠক করা হয়েছে। সম্প্রতি বাল্যবিবাহ সংক্রান্ত কোন তথ্য ইউনিয়ন পর্যায়ে হতে পাওয়া যায় নাই। উপজেলার কোথাও যেনো বাল্যবিবাহ সংঘটিত না হয় সে জন্য জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধির জন্য অনুরোধ জানান।	সচেতনতা বৃদ্ধিমূলক সভা/উঠান বৈঠক অব্যাহত রাখতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
২.৫ সভাপতি সকলের বক্তব্য শ্রবণ করেন এবং বলেন যে, বাল্যবিবাহ বন্ধে সকলকে একযোগে কাজ করতে হবে। প্রাথমিক ও মাধ্যমিক স্কুল সমূহে বাল্যবিবাহ নিরুৎসাহিত মূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। এ ছাড়া মসজিদে খুতবার সময় বাল্যবিবাহকে নিরুৎসাহিত করে বক্তব্য দিতে হবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা প্রত্যাশা করেন।	উপজেলাকে বাল্যবিবাহ মুক্ত রাখার জন্য কমিটির সকল সদস্যদের তৎপর হতে হবে। বিশেষ করে স্কুল পর্যায়ে সচেতনতা বৃদ্ধিমূল কার্যক্রম গ্রহণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা শিক্ষা ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (মোঃ ইসাহাক আলী)
 উপজেলা নির্বাহী অফিসার
 ও
 সভাপতি
 উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি
 ফুলবাড়ী, দিনাজপুর।